# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮০-২-৯১২৪৮৪৬
ফ্যাক্স : ৮৮০-২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট: www.baera.gov.bd


সূত্রনং: ৩৯.০৭.০১৮.০১.০০.০৭২.২০১৩ তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের উত্তম চর্চা বিষয়ক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের উত্তম চর্চা বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি এতদসঙ্গে সংযুক্ত করে সদয় অবগতি ও পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণের জন্য পেশ করা হলো।

সংযোজন: বর্ণনামতে।

(প্রফেসর ডা. সাহীনা আফরোজ)
সদস্য
ও
চেয়ারম্যান (অতিঃ দায়িত্ব)
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ফোনঃ ৮৮-০২-৯১২৪৮৪৬

সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের উত্তমচর্চার তালিকাঃ

## ১। শুদ্ধাচার সংশ্লিষ্ট সেমিনার আয়োজনঃ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে নিয়মিত ভাবে জাতীয় শুদ্ধাচার বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় সহ কর্তৃপক্ষের সদস্যগণ এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিতে আয়োজিত কর্মশালায়" National Integrity Strategy of Bangladesh-2012" দলিলে বিধৃত কর্মপরিকল্পনা-সমূহে উল্লিখিত কনভেনশন ও পরিকল্পনা সমূহের লক্ষ্য অর্জনে প্রণীত কৌশল বিষয়ে এবং কর্তৃপক্ষের রূপকল্প ও অভিলক্ষ্য (Vision and Mission) সম্পর্কে বিশদ আলোচনা করা হয়।



## ২। গনশুনানীর আয়োজনঃ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে নিয়মিত ভাবে সেবা গ্রহীতাদের অংশগ্রহণের মাধ্যমে গনশুনানীর আয়োজন করা হয়। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ও প্রশিক্ষণ প্রদাণ প্রক্রিয়ার উপর সরাসরি সেবা গ্রহীতাদের যেকোন অভিযোগ/মতামত/পরামর্শ গ্রহণের লক্ষ্যে কর্তৃপক্ষ ভবনে নিয়মিত এই গনশুনানীর আয়োজন করা হয়। সেবা গ্রহীতাদের সকল অভিযোগ/মতামত/পরামর্শ এর ভিত্তিতে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সেবাদান প্রক্রিয়া আরো উন্নয়নের লক্ষ্যে এই গনশুনানীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।



## ৩। নাগরিক সেবায় উদ্ভাবন শীর্ষক প্রশিক্ষণ আয়োজনঃ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ও প্রশিক্ষণ প্রদাণসহ সকল প্রকার সেবা প্রদাণ প্রক্রিয়ার উপর উদ্ভাবনী ধারণা প্রনয়ণ ও বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণের লক্ষ্যে কর্তৃপক্ষ ভবনে কর্তৃপক্ষের সকল বিভাগের বিজ্ঞানী/প্রকৌশলী/কর্মকর্তাগণের নিয়ে নাগরিক সেবায় উদ্ভাবন শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। সেবাপ্রদান প্রক্রিয়ায় কর্তৃপক্ষের বিজ্ঞানী/প্রকৌশলী/কর্মকর্তাগণের মাঝে উদ্ভাবনী ধারণা সৃষ্টির মাধ্যমে সেবা সহজীকরণের বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের দ্বারা সেবাগ্রহীতাদের time cost visit হ্রাস করার ক্ষেত্রে এই ধরণের প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



Soma Shill
Senior Scientific Officer
Planning & Development Division
Bangladesh Atomic Energy Regulatory Authority
Agargaon, Dhaka-1207

## ৪। ডিজিটাল হাজিরা স্থাপনঃ




কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের ডিজিটাল পদ্ধতিতে আঙ্গুলের ছাপ ব্যবহার করে নিয়মিত হাজিরা নিশ্চিত করা হয়েছে। এ ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত হাজিরা মনিটরিং করে উপস্থিতি নিশ্চিত করা সহজ হয়েছে।

## ৫। ইন-হাউস প্রশিক্ষণঃ





কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন তথা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবাদান প্রতিশ্রুতি, ই-নথি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাও তথ্য অধিকার সংক্রান্ত ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়। ইন-হাউস প্রশিক্ষণের মাধ্যমে কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের কাজের দক্ষতা, জবাবদিহিতা এবং স্বচ্ছতা প্রতিফলিত হচ্ছে।

## ৬। সেবাগ্রহীতা ও অতিথিদের বসার সুব্যবস্থাপূর্ণ অভ্যর্থনা কক্ষ স্থাপন এবং পরিচ্ছন্ন ওয়াশরুমের ব্যবস্থাঃ



কর্তৃপক্ষে আগত অতিথি ও সেবাগ্রহীতাদের বসা ও অপেক্ষা করার জন্য কর্তৃপক্ষ ভবনের নীচতলায় একটি অভ্যর্থনা কক্ষ স্থাপনের মাধ্যমে অতিথি ও সেবা গ্রহীতাদের বসার সুব্যবস্থা করা হয়েছে। অতিথি ও সেবা গ্রহীতাদের সেবা সংক্রান্ত যেকোন প্রশ্ন/জিজ্ঞাসা বা পরামর্শ বিষয়ে অর্ভৎথনা ডেস্কে কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মচারী থেকে সেবা গ্রহণ করতে পারেন। এছাড়া অতিথি ও সেবাগ্রহীতাদের জন্য পরিচ্ছন্ন ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে।

## ৭। সেবা গ্রহীতা ও অতিথিদের কর্তৃপক্ষের সেবা সংক্রান্ত তথ্য প্রাপ্তির জন্য অভ্যর্থনা ডেস্ক স্থাপনঃ




কর্তৃপক্ষে আগত অতিথি ও সেবাগ্রহীতাদের কর্তৃপক্ষের সেবা সংক্রান্ত সকল তথ্য/আবেদন ফরম প্রাপ্তির জন্য কর্তৃপক্ষের নীচতলায় একটি অভ্যর্থনা ডেস্ক স্থাপন করা হয়েছে। যার ফলে আগত অতিথি ও সেবাগ্রহীতা সহজেই তাদের চাহিত তথ্য প্রাপ্ত হন।

30.09.2019
Soma Shill
Senior Scientific Officer
Planning & Development Division
Bangladesh Atomic Energy Regulatory Authority
Agargaon, Dhaka-1207

## ৮।মতবিনিময়ের মাধ্যমে সর্বোত্তম সিদ্ধান্ত গ্রহণঃ

যেকোন জটিল বা গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে আনুষ্ঠানিক/অআনুষ্ঠানিক আলোচনা করা হয়। উপস্থাপিত বিষয়ের উপর কর্মকর্তাদের মতামত গ্রহণ, অভিজ্ঞতা বিনিময় এবং পর্যালোচনার মাধ্যমে সর্বোত্তম সিদ্ধান্ত গ্রহণের প্রচেষ্টা নেওয়া হয়। এভাবে অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ করায় তা বাস্তবায়ন ও সহজ হয়।

## ৯। ফাস্ট ট্র্যাক সার্ভিস এর মাধ্যমে দ্রুততম সময়ে পারমিট/এনওসি প্রদানঃ

ফাস্ট ট্র্যাক সার্ভিস এর আওতায় প্রতিটি পারমিট সংক্রান্ত আবেদনপত্র সংশ্লিষ্ট নথিতে উপস্থাপনের পূর্বে আবেদনপত্রের সাথে প্রদত্ত সকল টেকনিক্যাল ডকুমেন্ট একজন বিজ্ঞানী/প্রকৌশলী কর্তৃক প্রাথমিক ভাবে যাচাই করা হয় এবং আবেদনপত্রে বিধি মোতাবেক প্রয়োজনীয় তথ্যের কোন ঘাটতি আছে কি না তা তাৎক্ষণিকভাবে নির্ধারণ করা হয়। সিস্টেমটি চালু হওয়ায় পারমিট প্রদান প্রক্রিয়াটি সহজীকরণের মাধ্যমে বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগের সেবা প্রদান কার্যক্রম আরো গতিশীলতা পেয়েছে ।

## ১০। পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম নিশ্চিতকরণঃ

কর্তৃপক্ষের অফিস প্রাঙ্গন ও ভবনের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম নিয়মিত তদারকি করা হয়। এলক্ষ্যে গঠিত কমিটির তত্ত্বাবধায়নে নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। যার ফলে পরিচ্ছন্নতা কর্মীর মাধ্যমে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা হয়। কর্তৃপক্ষ ভবন ও অফিস প্রাঙ্গানের সুস্থ ও পরিচ্ছন্ন কর্মপরিবেশ কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক কাজে মনোনিবেশ, উৎসাহ-উদ্দিপনা ও মানসিক বিকাশে সহায়তা করে।



## ১১। দাপ্তরিক নথিপত্র শ্রেণীবিন্যাস করে সুসজ্জিত রাখাঃ

কর্তৃপক্ষে সকল দাপ্তরিক নথিপত্র শ্রেণীবিন্যাস করে নির্দিষ্ট স্থানে সুসজ্জিত রাখা হয় যাতে প্রয়োজনে তাৎক্ষনিকভাবে ও দ্রুততার সাথে নথি খুঁজে বের করা যায় ও কার্যক্রম সম্পাদন করা যায়।



## ১২। ই-সেবা চালুকরণঃ

ই-লাইসেন্সিং সিস্টেম এর মাধ্যমে স্টেকহোল্ডাররা লাইসেন্সের জন্য দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে অনলাইনে আবেদন করতে পারছেন। অনলাইনে পেমেন্ট সিস্টেম দ্বারা গ্রাহকরা রেগুলেটরী ফি অনলাইনে প্রদান করতে পারছেন।

এছাড়া, অন-লাইনে RCO পরীক্ষার ফলাফল প্রকাশ, এনওসি নোটিফিকেশন, সেবাগ্রহীতাদের মতামত (GRS) গ্রহণ ব্যবস্থা ইত্যাদি ই-সেবা চালু করা হয়েছে যার ফলে সেবাগ্রহীতাদের সেবা গ্রহণের ক্ষেত্রে time cost visit হ্রাস পেয়েছে।

Senior Scientific Officer
Planning & Development Division
Bangladesh Atomic Energy Regulatory Authority
Agargaon, Dhaka-1207

## ১৩। ই-নথি চালুকরণঃ

কর্তৃপক্ষে দাপ্তরিক কাজে ই-নথি চালু করা হয়েছে। যার ফলে দাপ্তরিক কাজে গতি ও স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে।

## ১৪। ই-টেন্ডারিং সিস্টেম চালুকরণঃ

কর্তৃপক্ষে ক্রয় প্রক্রিয়ায় ই-টেন্ডারিং সিস্টেম চালু করা হয়েছে। যার মাধ্যমে সরকারী ক্রয় প্রক্রিয়ায় দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সহজ হয়।

## ১৫। কর্তৃপক্ষের ওয়েবসাইট সমৃদ্ধকরণঃ

জনগণের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের জন্য কর্তৃপক্ষের ওয়েবসাইট নিয়মিত সমৃদ্ধ করা হয়। যার উদ্দেশ্য হচ্ছে জনগণের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন এবং সর্বাত্মক সেবা প্রদান।

30.09.2019
Soma Shil
Senior Scientific Officer
Planning & Development Division
Bangladesh Atomic Energy Regulatory Authority
Agargaon, Dhaka-1207